

২০১৫-২০১৬ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন:

১ এপ্রিল, ২০১০ খ্রিঃ তারিখের পূর্বে ৩৯৭ জন জনবল দিয়ে অত্র অধিদপ্তরের সকল কার্যক্রম ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিসের মাধ্যমে ভাড়াবাড়িতে পরিচালনা করা হত। ১ এপ্রিল, ২০১০ থেকে এমআরপি ও এমআরভি কার্যক্রম শুরু হওয়ার পর দেশের মধ্যে ৬৪টি জেলায় প্রথমে ৩৪টি ও পরে ৩৩টি সর্বমোট ৬৭টি বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস আঞ্চলিক পাসপোর্ট অফিসের মাধ্যমে জনসাধারণকে পাসপোর্ট ও ভিসা সেবা প্রদান করা হচ্ছে। অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে জনবলের সংখ্যা ৩৯৭ থেকে ১১৮৪ জনে উন্নীত করা হয়েছে। ইতিমধ্যে ৩৪টি নিজস্ব পাসপোর্ট অফিস ভবন নির্মাণ করা হয়েছে। ১৭টি জেলায় পাসপোর্ট অফিস ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। জুলাই/২০১৬ খ্রিঃ পর্যন্ত এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ মেশিন রিডাবল পাসপোর্ট এবং প্রায় চার লক্ষ মেশিন রিডাবল ভিসা প্রদান করা হয়েছে। অগ্রগতির এ ধারাবাহিকতায় বিগত ২০১৫-২০১৬ অর্থ বছরে যে সকল কার্যক্রম গৃহীত হয়েছে তা নিম্নরূপঃ

১। যথাযথ সময়ে এমআরপি ও এমআরভি প্রদানঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে ৩৩,০৩,০০৫টি এমআরপি এবং ৭০,৩৯৪টি এমআরভি প্রদান করা হয়েছে। এর মাধ্যমে ১,১২৫ কোটি ১৭ লক্ষ ৫৩ হাজার টাকা রাজস্ব অর্জিত হয়েছে।

২। অবকাঠামোগত উন্নয়নঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে ২৪৭ কোটি টাকা ব্যয়ে ৩৪টি বিভাগীয় ও আঞ্চলিক পাসপোর্ট অফিসের নিজস্ব ভবনের নির্মাণকাজ সম্পন্ন হয়েছে। ১৭(সতের)টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণের DPP একনেক সভায় অনুমোদিত হয়েছে যার প্রাক্কলিত ব্যয় ১০৭ কোটি ৬০ লক্ষ ৯৯ হাজার টাকা। অফিস গুলোর জমি অধিগ্রহণের কাজ চলমান রয়েছে। আরও ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণের জন্য গণপূর্ত বিভাগে DPP প্রণয়ন করা হচ্ছে। ঢাকা সিটির উত্তরায় একটি পাসপোর্ট পার্সোনাল আইজেশন কমপ্লেক্স এর কাজ নির্মাণাধীন আছে যার প্রাক্কলিত ব্যয় প্রায় ২৮(আটাশ)কোটি টাকা। এছাড়াও বহিরাগমন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ এবং প্রধান কার্যালয় অন্যত্র স্থানান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

৩। পাসপোর্ট সেবা সপ্তাহ ২০১৬: ২৪-২৮ এপ্রিল ২০১৬ খ্রিঃ তারিখে প্রথমবারের মতো “পাসপোর্ট সেবা সপ্তাহ-২০১৬” পালন করা হয়। এর মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে “পাসপোর্ট নাগরিক অধিকার, নিঃস্বার্থ সেবাই অঙ্গীকার”। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা “পাসপোর্ট সেবা সপ্তাহ-২০১৬” এবং ৯(নয়)টি আঞ্চলিক পাসপোর্ট অফিসের (মানিকগঞ্জ, কুষ্টিয়া, পাবনা, পটুয়াখালী, ফেনী, ব্রাহ্মণবাড়ীয়া, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ ও দিনাজপুর) নিজস্ব ভবনের শুভ উদ্বোধন করেন।

৪। আইন প্রণয়ন ও বিধি সংশোধনঃ পাসপোর্ট আইন ২০১৬ ও বাংলাদেশ ইমিগ্রেশন আইন ২০১৬ এর খসড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চূড়ান্ত পর্যায়ের হয়েছে। এছাড়া বাংলাদেশ পাসপোর্ট বিধিমালা-১৯৭৪ এর বিধি ৪ এর উপধারা-২(আবেদনপত্র সত্যায়নের পদ্ধতি) প্রত্যাহার এবং বিধি-৫ এর উপ-বিধি(১) সংশোধন পূর্ব কপাসপোর্টে রমেয়াদ প্রাথমিকভাবে সর্ব নিম্ন ৫ বছর এবং সর্বে ১০ বছর করার বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

৫। অনলাইন ব্যাংকিং কার্যক্রম চালুঃ সোনালী ব্যাংকে পাসপোর্ট ফিস জমাদানের প্রচলিত পদ্ধতির পাশাপাশি বেসরকারী ০৫টি ব্যাংক (ঢাকা ব্যাংক, ট্রাস্ট ব্যাংক, ওয়ান ব্যাংক, প্রাইম ব্যাংক ও ব্যাংক এশিয়া) এর মাধ্যমে অনলাইনে পাসপোর্ট ফিস গ্রহণের ব্যবস্থা করা হয়েছে।

